বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ৩য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ৩১/০৩/২০২২ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:** সভায় রেলপথ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) এবং রেলপথ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন; যা পরিশিষ্ট ‘ক’-তে উপস্থাপন করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন মন্ত্রিপরিষদ বিভাগের ২০২১-২২ অর্থবছরে ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২২) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার দুটি কার্যক্রম ১.১ (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন) ও ১.২ (সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ) বিষয়ে অদ্যকার সভাটি আয়োজন করা হয়েছে।

২.২ তিনি বলেন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রমের জন্য ৪টি এবং ১.২ কার্যক্রমের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে চারটি সভার আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও উপসচিব (প্রশাসন-৬ রেল অপারেশন)কে সভার বিষয়বস্তু উপস্থাপনের আহবান করেন।

২.৩ সভার আলোচ্যসূচি ১ অনুযায়ী ২৩/১১/২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.৪ উপসচিব (প্রশাসন-৬ রেল অপারেশন) সভায় বলেন সিটিজেন চার্টার হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। ফলে যে কোন সময় অবস্থার পরিপ্রেক্ষিতে এর সংযোজন বিয়োজন করা যাবে। বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে এবং তা রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং গত ০৯/০১/২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

২.৫ সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান যে ৩১/০৩/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সিটিজেন চার্টার হালানাগাদ করা হবে এবং তা মন্ত্রিপরিষদ বিভাগ ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে।

২.৬ সভাপতি বলেন অদ্যকার সভাটি ২০২১-২২ অর্থবছরের ৩য় সভা। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা হতে প্রশাসন-৬ শাখায় নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা না হলে প্রতিবেদনটি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা সম্ভব হয় না। তাই সকল শাখার কার্যবন্টন শাখার সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তা ও ৩য় শ্রেণির কর্মচারিদের টেবিলের পাশে ঝুলিয়ে রাখতে হবে যাতে তারা তা দেখে যথাসময়ে কাজগুলো সম্পাদন করতে পারে। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ একটু মনোযোগী হলে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে শতভাগ বাস্তবায়ন সম্ভব হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি বিদ্যমান সিটিজেন চার্টারে সেবা প্রদানের ক্ষেত্রে কোন ধরণের সংযোজন/বিয়োজন প্রয়োজন হলে তা জরুরি ভিত্তিতে সিনিয়র সিস্টেম এনালিস্টকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | **সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন**<br>সভায় সিটিজেন চার্টারের কার্যক্রমের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১০/০৪/২০২২ তারিখের মধ্যে যাতে নিজ নিজ অধিশাখা/শাখার কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দিতে পারে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জানুয়ারি- মার্চ/২০২২ প্রান্তিকের সিটিজেন চার্টারের কার্যক্রমের বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১০/০৪/২০২২ তারিখের মধ্যে কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/ শূন্য প্রতিবেদন প্রশাসন-৬ অধিশাখায় প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-১/২/৩/৪/৫/উন্নয়ন-১/২/৩/আইন-১/২/ পরিকল্পনা-১/ পরিকল্পনা-২/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন), সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সহকারী সচিব (অডিট-১)/তথ্য প্রদানকারী কর্মকর্তা, সহকারী সচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন -১/২ শাখা/বাজেট-১/বাজেট-২/আইন-১/২/৩/৪/ ভূমি শাখা ) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। |
| ৩.২ | **সিটিজেন চার্টার এর বিষয়ে সিদ্ধান্ত, হালনাগাদকরণ ইত্যাদি :**<br>সিটিজেন চার্টার এর বিষয়ে হালনাগাদকরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিটিজেন চার্টার এর হালনাগাদকরণ, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও কার্যবিবরণী ইত্যাদি বিষয়াবলী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পাশাপাশি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রণালয়ের বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখাকে অবহিত করতে হবে। | উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা<br>এবং<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৩ | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:**<br>কর্ম পরিকল্পনার ২.২ কার্যক্রমটি হচ্ছে প্রশিক্ষণের আয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপসচিব (প্রশাসন-২) অধিশাখা<br>রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৪ | **মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের বিষয়ে আলোচনা :**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগের একটি পত্র প্রেরণ করা হয়েছে। পত্রের বিষয় মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারে 'অন্যান্য আবেদন/অভিযোগের প্রতিকার' অন্তর্ভুক্তকরণ, পত্র গ্রহণ কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন এবং সচিবালয়ের কেন্দ্রীয় পত্র গ্রহণ কেন্দ্রে পত্র গ্রহণের সময় ডকেট নম্বর প্রদান। মন্ত্রিপরিষদ বিভাগ জনাব ইজাজ আমিন চৌধুরীর আবেদন অবগতি | | |

| | | | |
|---|---|---|---|
| | ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।আবেদনের সারমর্ম নিম্নরূপ :<br><br>(০১) জনগনের প্রতিকার পাওয়ার নিরুঙ্কুশ অধিকার নিশ্চিত করার স্বার্থে "অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা"র আওতায় সকল মন্ত্রণালয়সহ সকল সরকারি দপ্তরের সিটিজেন চার্টার বর্ণিত সেবার নাম তালিকায় "অন্যান্য আবেদন/অভিযোগের প্রতিকার" শিরোনাম অন্তর্ভুক্ত করার জন্য; | (১) সিটিজেন চার্টার বর্ণিত সেবার নাম তালিকায় "অন্যান্য আবেদন/অভিযোগের প্রতিকার" শিরোনাম অন্তর্ভুক্ত করতে হবে । উপসচিব (প্রশাসন-১) পত্রটি যে শাখা সংশ্লিষ্ট সে শাখায় প্রেরণে করবে। | (১) উপসচিব (প্রশাসন-১)<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট<br>রেলপথ মন্ত্রণালয় |
| | (০২) পত্র গ্রহণ ও অভিযোগ কেন্দ্রের ভিতরে ও বাহিরে শক্তিশালী সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ ও গৃহিত ফুটেজের রেকর্ড সংরক্ষনের জন্য; এবং | (২) রেলপথ মন্ত্রণালয়ের পত্র গ্রহণ কেন্দ্রে সিসি ক্যামেরা আছে এবং গৃহিত ফুটেজের রেকর্ড সংরক্ষণ করতে হবে। | (২) উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা |
| | (০৩) মন্ত্রিপরিষদ বিভাগের বাংলাদেশ সচিবালয়সহ সকল সরকারি দপ্তরের পত্র গ্রহন ও অভিযোগ কেন্দ্রে জনগন কর্তৃক দাখিলকৃত আবেদন পত্র গ্রহণের সময় "ডকেট নাম্বার" প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করণ। | (৩) রেলপথ মন্ত্রণালয়ে পত্র গ্রহণ ও অভিযোগ কেন্দ্রে আবেদন গ্রহণের সময় ডকেট নম্বর প্রদানের ব্যবস্থা করতে হবে। | (৩) উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা |

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

31/3/2022

**(প্রনব কুমার ঘোষ)**
অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

পরিশিষ্ট-ক

**সভার বিষয়** ঃ **মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ৩য় সভা।**

**সভার সভাপতি** ঃ জনাব প্রনব কুমার ঘোষ, অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়।

**সভার তারিখ, সময় ও স্থান** ঃ ৩১ মার্চ, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়; সভাকক্ষ, রেলপথ মন্ত্রণালয়।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

**রেলপথ মন্ত্রণালয়:**

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জালাল উদ্দিন আহম্মেদ, যুগ্মসচিব, রেলপথ মন্ত্রণালয় | — | [signature] ৩১/৩/2022 |
| ০২। | সালমা পারভীন, উপসচিব, রেলপথ মন্ত্রণালয় | 01700944895 | [signature] ৩১/৩ |
| ০৩। | সৈয়দা সালমা জাফর চৌধুরী, উপসচিব, MOR | 01717-119542 | [signature] ৩১.০৩.22 |
| ০৪। | মো: আলী কবীর, DS | 01722872626 | [signature] |
| ০৫। | শাহ ইমাম আলী রেজা, উপসচিব | 01911-287128 | [signature] ৩১/০৩/2022 |
| ০৬। | মীর আনওয়ার হোসেন, উপসচিব | 01755500475 | [signature] ৩১/০৩/22 |
| ০৭। | মোহাম্মদ মাহফুজুর হোসেন, সচিব | 01711691608 | [signature] ৩১/০৩/22 |
| ০৮। | মো: নাজমুল হক, উপসচিব | 01711692979 | [signature] 31/3/2022 |

| | | | |
|---|---|---|---|
| ০৯। | আবু সাঈদ মো: ফজলে এলাহী<br>উপসচিব, MoR | 01716199508 | [signature]<br>৩০.০৬.2022 |
| ১০। | মো: মাহিদ উদ্দিন<br>প্রোগ্রামার,<br>রেলপথ মন্ত্রণালয় | 01718779579 | [signature]<br>৩০/06/2022 |
| ১১। | সৈয়দ আহসান<br>হাবিব, উ:স. MOR | 01755500185 | [signature]<br>৩০.6.২০২২ |
| ১২। | মো: জাহিদুল ইসলাম<br>সহ: সচিব | 01911373043 | [signature]<br>৩০/৬/২২ |
| ১৩। | মো: আব্দুল মালেক মিঞা<br>[illegible] | 01552387347 | [signature]<br>৩০/৬/২০২২ |
| ১৪। | ওয়াহেদুর রশীদ<br>[illegible] | | [signature]<br>৩০/৬/২২ |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |
| ১৮। | | | |
| ১৯। | | | |
| ২০। | | | |